

পরিশিষ্ট

Published with the Financial Assistance
of Sangeet Natak Academy, New Delhi

ত্রিপুরা
থিয়েটার

সপ্তদশ বর্ষ
(২০০৬ থেকে নিয়মিত)



Tripura Theatre is indexed in UGC Care List
ত্রিপুরা থিয়েটার ইউজিসি কেয়ার লিস্টে অন্তর্ভুক্ত

TRIPURA THEATRE

Since 2006

Vol - 17, Issue - 1

সূচিপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
◆ সম্পাদকীয়		৯
◆ স্মরণে মননে : পিটার ব্রুক	প্রতিবেদক	১০
◆ স্মরণে মননে : সরোজ চৌধুরী	প্রতিবেদক	১১
◆ উৎপল দত্ত'র দীর্ঘতম সাক্ষাৎকার	পার্থ বন্দ্যোপাধ্যায়	১২ - ২৩
◆ ভাষা ও মেয়েরা	পবিত্র সরকার	২৪ - ২৮
◆ বুদ্ধিজীবীর স্বাধীনতা	রথীন চক্রবর্তী	২৯ - ৪১
◆ ব্যারিকেড-৫০ বছর	কুন্তল মুখোপাধ্যায়	৪২ - ৪৯
◆ অভিনয় নাট্য পত্রিকা : ৭০ দশকের দলিল	অপূর্ব দে	৫০ - ৫৭
◆ ঘরে বাইরে	দেবাশিস বন্দ্যোপাধ্যায়	৫৮ - ৬১
◆ বড় লোকের দেশের থিয়েটার	আশিস গোস্বামী	৬২ - ৬৪
◆ দৃষ্টিহীনদের নাটক	মনুজেন্দ্র কুন্ডু	৬৫ - ৬৮
◆ দিল্লির নাট্যকার বারীন চক্রবর্তী'র মুখোমুখি	আদিত্য সেন	৬৯ - ৭৫
◆ টিনের তলোয়ার : নিপীড়িত মানুষের গান	রমা দাস	৭৬ - ৮৩
◆ শূকার্চ্য রাভার নাট্যচিত্তা ও অভিনবত্ব : একটি অধ্যয়ন	বরুণ কুমার সাহা	৮৪ - ৯২
◆ কাশীর নাট্যচর্চায় ললিত চক্রের দান: একটি সমীক্ষা	সুবীর ঘোষ	৯৩ - ১০২
◆ প্রযোজনা বিন্যাস ও মঞ্চ স্থাপত্যের ভাবনা প্রয়োগে - বিসর্জন	শান্তনু দাস	১০৩ - ১১৪
◆ মফঃস্বলে'র নাট্যশিখা: মন্থকুমার ও বিনোদবিহারী	প্রসূন বর্মণ	১১৫ - ১২৩
◆ নবান্ন নাটক : সমকালীন প্রেক্ষিত	রেণুকা অধিকারী	১২৪ - ১৩২
◆ নাট্যব্যক্তিত্ব অজিত কুমার মজুমদার: একটি পর্যালোচনা	মলয় দেব	১৩৩ - ১৪১
◆ অরুণ চাকমার নাটক : একটি অবলোকন	পদ্ম কুমারী চাকমা	১৪২ - ১৪৮
◆ রবীন্দ্রনাথের নাট্যভাবনার অভিনবত্ব	রিফ্টু দাস	১৪৯ - ১৫৫
◆ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের তিনটি ঐতিহাসিক নাটকে স্বদেশভাবনা : একটি নিজস্ব পাঠ	সঞ্জয় ভট্টাচার্য	১৫৬ - ১৬৫
◆ জ্যোতিপ্রসাদ আগরওয়ালার অসমিয়া নাটক : প্রসঙ্গ নারীর অস্তিত্ব রক্ষার লড়াই	জাহ্নবী দাস	১৬৬ - ১৭১
◆ রবীন্দ্র নাটকের গানে জনচেতনা	সায়ক মুখার্জী, দেবযানী ঘোষ	১৭২ - ১৮৩
◆ জরুরি অবস্থার প্রেক্ষিতে রচিত বাংলা নাটক	অমর ভান্ডারী	১৮৪ - ১৯২
◆ আলকাপের সেকাল - একাল	অহীনা দে	১৯৩ - ২০৪
◆ পশ্চিমবঙ্গের নাট্যচর্চায় 'স্পেস-থিয়েটার'	অন্তরা দাস	২০৫ - ২১২

জরুরি অবস্থার (১৯৭৫-১৯৭৭) প্রেক্ষিতে রচিত বাংলা নাটক অমর ভাভারী

শিল্প ও সাহিত্যকলা আমাদের আনন্দ ও সামাজিক শিক্ষা দেয় ঠিকই, সেই সঙ্গে তা ধারণ করে তার সময় ও সমাজকে। শিল্পী ও সাহিত্যিকদের এমন এক অলৌকিক ক্ষমতা থাকে যার মাধ্যমে তাঁরা ত্রিকালদর্শী হয়ে থাকেন এবং পাঠক ও দর্শকদেরও তাঁরা আপন দর্শিত জগৎ প্রত্যক্ষ করাতে পারেন। অনেকে এই বিশেষ ক্ষমতাকে কল্পনাশক্তি বলে নির্দিষ্ট করেছেন। আর এই কল্পনাশক্তি ডানার পালক হয় তাঁদের বাস্তববোধ। যে বাস্তববোধের রসদ সমকাল। সমকাল দ্বারা শিল্পী ও সাহিত্যিকরা বিশেষভাবে নিয়ন্ত্রিত। নিয়ন্ত্রন তাঁদের সৃষ্টি। ফলে তাঁদের সৃষ্টি আমাদের অনুধাবন করাতে পারে তাঁদের সমকালকে। নাটক হন শিল্প-সাহিত্যেরই একটি অংশ। ফলে নাটককার যখন নাটক রচনা করেন তখন সে নাটকে নাটককার নিজের কালকে ধরেন। বিভিন্ন সময়ের নাটকে সেজন্য খুব স্বাভাবিকভাবেই এসে ঘনীভূত হয় লেখকের সময়ের সামাজিক ও রাজনৈতিক দৃষ্টি। বিভিন্ন লেখক সেই দৃষ্টিতে বিভিন্ন দৃষ্টভঙ্গি থেকে দেখেন। এর উপর নির্ভর করে লেখকের মানসিক অবস্থান। জরুরি অবস্থা (১৯৭৫-৭৭) ঘোষণাও ঠিক সেভাবেই নিয়ন্ত্রণ করেছে তৎকালীন নাটককারদের-যার ছাপ পড়েছে তাঁদের রচনার মধ্যে। আমরা এখানে সেই নাটকগুলিরই আলোচনা করব যেগুলি সরাসরি জরুরি অবস্থাকে কেন্দ্র করে রচিত হয়েছে। সেক্ষেত্রে কিছু নাটক কাহিনির অন্য মোড়কে জরুরি অবস্থার বাস্তবতা তুলে ধরেছে। আবার কিছু নাটক সরাসরি জরুরি অবস্থাকেই নাটকের প্রেক্ষাপটরূপে গ্রহণ করেছে। ফলে এই নাটকগুলি সেসময়ের দলিল হয়ে উঠেছে। সেই নাটকগুলির আলোচনার দ্বারা সেই সময়ের সামাজিক ও রাজনৈতিক চিত্র তুলে ধরতে পারি।

(২)

নাটকে জরুরি অবস্থার প্রকাশ আলোচনার পূর্বে জরুরি অবস্থার সময়পর্ব সংক্ষেপে জেনে নেব। ১৯৭১ -এ ইন্দিরাগান্ধী পুনরায় প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হন জাতীয়তাবাদী ভাবধারার বিস্তার করে এবং 'গরিবী হটাও' শ্লোগান দিয়ে। এই জয় তাঁকে কংগ্রেসিদের কাছে তুলে 'দেবী দুর্গতিনাশিনী।' ১৯৬৭ থেকেই ইন্দিরা গান্ধী নিজেকে সমাজতন্ত্রী নেত্রী রূপে প্রতিষ্ঠা দিতে সচেষ্ট হয়েছিলেন- ব্যাঙ্ক জাতীয়করণ, রাজন্যবর্গের ভাতালোপ ইত্যাদি তার কয়েকটি নমুনা। কেবল দেশেই নয়, ১৯৭১ এর যুদ্ধে পাকিস্তানকে পরাজিত এবং